
# প্রেরিতদের পুস্তক, পরিচর্য্যা কার্যের নির্দেশাবলী

ছোটদের যারা শিক্ষা দেন তাদের A1b অধ্যয়ন পাঠ করা উচিত।

**প্রার্থনাঃ** ''যীশুর সাক্ষী হবার জন্য প্রেরীত ১ঃ৮ পদে পবিত্র আত্মার যে শক্তি তুমি আমাদের দেবার প্রতিজ্ঞা করেছো তা দাও।''

**১. ঈশ্বরের বাক্যের দ্বারা আপনার হৃদয় ও মন প্রস্তুত করুন।**

লূক যিনি সুসমাচার গুলির একটি লিখেছিলেন, তিনি প্রেরিত পুস্তকে যিরূশালেমে কি ভাবে মণ্ডলী শুরু হয়ে রোমীয় সাম্রাজ্যে, ইহুদী, এবং পরজাতিদের মধ্যে, গ্রীক এবং এশিয়া, আফ্রিকা ও ইউরোপে ছড়িয়ে পড়েছিল তা লিপিবদ্ধ করেছেন।




**প্রেরিত ১ অধ্যায় পড়ুন।** ১-৮ পদে অন্বেষণ করুন, ঈশ্বরের রাজ্য বিস্তারের জন্য আমাদের শক্তির উৎস।

**প্রেরিত ১ঃ৮ অংশে খুঁজে দেখুন,** পবিত্র আত্মার শক্তিতে তারা কোন্ কোন্ চারটি জায়গায় সুসমাচার প্রচার করেছিল।

১) **যিরূশালেম** বলতে বোঝায় সেই সম্প্রদায়কে যেখানে আমরা বাস করি। আপনার ''যিরূশালেম কোথায়?''

২) **যিহূদীয়া** বলতে বোঝায় একই সংস্কৃতির আশপাশের লোকদের। আপনার ''যিহূদীয়া'' কোথায়?

৩) **শমরীয়া** বলতে বোঝায় কাছাকাছি বসবাসকারী ভিন্ন ধরণের সংস্কৃতির লোকদেরকে। আপনার ''শমরীয়রা'' কারা?

৪) **পৃথিবীর প্রান্ত পর্য্যন্ত বলতে** বোঝায় দূরবর্তী অবহেলিত সেই সমস্ত লোকদের যাদের কাছে ঈশ্বর চান যে আপনি পৌঁছান।

**প্রেরিত ১ঃ১৪ পদে অন্বেষণ করুন।** যীশু যাঁর সম্পর্কে প্রতিজ্ঞা করেছিনে। সেই পবিত্র আত্মার জন্য অপেক্ষা করার সময় প্রেরিতরা কি করছিলেন।

**প্রেরিত ২ অধ্যায় পাঠ করুন।** অপেক্ষারত শিষ্যরা পবিত্র আত্মা দ্বারা পূর্ণ হবার পর কি ঘটেছিল তা অন্বেষণ করুন। শুধুমাত্র সাধারণ অর্থে একটি রোমাঞ্চকর অভিজ্ঞতা লাভের জন্য, নাকি যীশুর সাক্ষী হতে সাহায্য করার জন্যে পবিত্র আত্মা তাদেরকে পূর্ণ করেছিলেন?

- **প্রেরিত ২ঃ২৪-৩২ অংশে খুঁজুন,** যীশুর মৃত্যুর পাশাপাশি পিতরের শক্তিশালী প্রচারের বাণী।
- **প্রেরিত ২ঃ৩৭-৪৭ অংশে খুঁজুন,** যীশুর আদেশের প্রতি বাধ্যতার জন্য সাতটি বিষয় যা বিশ্বাসীরা তৎক্ষণাৎ করেছিল।

প্রেরিত পুস্তকের অন্যান্য অধ্যায়ে অন্বেষণ করুন

৩ অধ্যায়ঃ যীশুর নামে যখন আমরা ঈশ্বরকে ডাকি তখন আমরা তাঁর কাছে কি প্রত্যাশা করি।

৪ অধ্যায়ঃ যখন শত্রু মনোভাবাপন্ন কর্তৃপক্ষেরা আমাদের ভীতি প্রদর্শন করে, তখন আমরা কি করতে পারি।

৫ অধ্যায়ঃ যারা তাঁকে মিথ্যা বলেছিল তাদের প্রতি ঈশ্বর কি করেছিলেন।

৬ অধ্যায়ঃ দুঃস্থ প্রয়োজনীয় লোকদের যত্ন নেওয়ার জন্য মণ্ডলী কি করেছিল।

৭ অধ্যায়ঃ স্তিফান কিভাবে ইস্রায়েলের ইতিহাসকে পুনরায় ব্যক্ত করেছিল, নেতাদের ক্রোধান্বিত করেছিল এবং তার প্রতি তারা কি করেছিল।

৮ অধ্যায়ঃ ফিলিপ কিভাবে শমরীয়াতে ঈশ্বরের কার্য্য শুরু করেছিল এবং কেন শিমোন প্রেরিতদের অর্থ প্রদান করতে চেয়েছিল।

৯ অধ্যায়ঃ ঈশ্বর কিভাবে খ্রীষ্টানদের সবচেয়ে খারাপ শত্রুকে অনুতপ্ত হতে সক্ষম করতে প্রভাবিত।

১০-১১ অধ্যায়ঃ ঈশ্বর কিভাবে যিহুদীদের বিশ্বাস করতে প্রভাবিত করেছিল যে পরজাতীয়রাও তা পবিত্র আত্মা পেতে পারে।

১২ অধ্যায় ঃ যাকোবের প্রতি রাজা হেরোদ যা করেছিলেন এবং হেরোদের হাত থেকে পিতর যেভাবে নিষ্কৃতি পেয়েছিলেন।

১৩-১৪ অধ্যায় ঃ দূরবর্তী দেশগুলিতে পৌলকে যিনি প্রেরণ করেছিলেন, যিনি তাঁর সাথে গিয়েছিলেন এবং যেভাবে তাঁরা বিশ্বাসীদের সংঘবদ্ধ করেছিলেন।

১৫ অধ্যায় ঃ যারা যিহুদীদের পুরাতন নিয়ম মানত না সেই পরজাতীয়দের গ্রহণ করতে ঈশ্বর কি ভাবে যিহুদীদের সাহায্য করেছিলেন।

১৬ অধ্যায় ঃ কিভাবে ইউরোপ ও ফিলিপীতে প্রথম মণ্ডলী স্থাপিত হয়েছিল এবং কারারক্ষীর প্রতি পৌল কি প্রতিজ্ঞা করেছিলেন।

১৭ অধ্যায় ঃ পৌলের বার্তাকে যে বিভিন্ন উপায়ে যিহুদীরা গ্রহণ করেছিল।

১৮ অধ্যায় ঃ করিন্থে পৌল কিভাবে নিজেই নিজের সংস্থান যুগিয়েছিলেন এবং তাঁর কর্মদাতারা আপল্লোর জন্য কি করেছিল।

১৯-২০ অধ্যায় ঃ ইফিষীয়তে কিছু ঘটনা যা দাঙ্গা বাধিয়েছিল এবং ''কেন্দুয়া'' সম্পর্কে তিনি যা সতর্ক বাণী দিয়েছিলেন।

২১-২৮ অধ্যায় ঃ পৌল কেন যিরূশালেমে কারারুদ্ধ হয়েছিল তার বিচার এবং রোমে যাওয়ার পথে যা ঘটেছিল।

২. **প্রেরিতদের উদাহরণকে অনুসরণ করার জন্য আপনার লোকেরা আগামী সপ্তাহে কি করবে তার পরিকল্পনা করুন।**

- যারা এখনো যীশুকে জানেনা তাদের কাছে সাক্ষী হতে বিশ্বাসীদের জন্য পরিকল্পনা করুন।
- প্রেরিতদের মতকরেছিল তেমনি তাদের প্রার্থনা ও পবিত্র আত্মার শক্তিতে এ কাজ করতে সাহায্যের পরিকল্পনা করুন।
- আপনার 'যিহূদীয়া', 'শমরীয়া' ও যিরূশালেমের জন্য দীর্ঘ মেয়াদী কর্মপরিকল্পনা করুন।

৩. **আসন্ন আরাধনার সময় সম্পর্কে আপনার সহকর্মীদের সাথে পরিকল্পনা করুন**

এমন কার্যকলাপ বেছে নিন যা স্থানীয় রীতির ও প্রয়োজনের সাথে মানান সই হয়।

সাক্ষ্যদানের জন্য প্রস্তুত হন। আরাধনা চলাকালীন বিশ্বাসীদের যীশুর জন্য ক্ষমতাশালী ভাবে সাক্ষী হতে প্রস্তুত করবেন। আপনি অথবা একজন সাহায্যকারী যখন প্রেরিত ১ ৮ পদ পাঠ করছেন, তখন বিশ্বাসীদেরকে দুটি বিষয় শুনতে বলুন ঃ

- প্রথমতঃ, পুনরুত্থিত খ্রীষ্টকে অন্যদের কাছে প্রচার করার জন্য কার কাছ থেকে আমরা শক্তি প্রাপ্ত হই?
- দ্বিতীয়তঃ কোন্ চারটি স্থানে প্রেরিতরা পবিত্র আত্মার শক্তিতে যীশুর সাক্ষী হবার জন্য গিয়েছিলেন?
- যদি তারা পারে তবে পাঠ করার পর তাদেরকে প্রশ্নদুটির উত্তর ও সেই সম্বন্ধে বলতে দিন।

প্রেরিতরা যে চারটি জায়গায় যীশুর সাক্ষী হবার জন্য গিয়েছিলেন ,আমাদের কাছে সেই চারটি জায়গা কোন্গুলি বোঝায় তা জিজ্ঞাসা করুন। (উপরে প্রথম অংশে উত্তর দেওয়া আছে)। এরপর আপনার ''যিহূদীয়া'' এবং শমরীয়ার লোকদের জন্য প্রার্থনা করবেন যারা এখনো যীশুকে জানেনা।

ছোটরা যে নাটক, কবিতা এবং প্রশ্নগুলি তৈরী করেছে তা উপস্থাপন করতে দিন।

প্রেরিত ১ঃ৮ পদ একত্রে মুখস্থ করুন।

আমাদের প্রভু যীশুর সম্বন্ধে লোকদের বলার জন্য পরিদর্শনের নিমিত্তে আগামী সপ্তাহের জন্য যে পরিকল্পনা করেছেন তা সহকর্মীদের ব্যাখ্যা করুন। এই কাজের জন্য উপযুক্ত ব্যবস্থা করুন। বিশ্বাসীদেরকে বলতে দিন যে তারা কাদের পরিদর্শন করতে চায়।

যীশুর মূল আজ্ঞাগুলিকে মান্য করার জন্য নতুন বিশ্বসীদের সাহায্য করতে প্রস্তুতি নিন। আপনার অথবা একজন সাহায্যকারীর দ্বারা প্রেরিত ২ঃ৩৭-৪৭ অংশ পাঠিত হবার আগে, যিরূশালেমে ৩০০০ জন ধর্মান্তরিত যীশুর আজ্ঞার প্রতি বাধ্য হবার জন্য কি করেছিল তা বিশ্বাসীদের শ্রবণ করতে বলুন। ব্যাখ্যা করুন যে আপনার সাহায্যকারী কথা না বলে অঙ্গভঙ্গীর মাধ্যমে, পঞ্চাশত্তমীর পর, যীশুর আজ্ঞাগুলি প্রতি বাধ্য হবার জন্য যে সাতটি জিনিস করেছিল তা প্রদর্শন করে দেখাবে। বিশ্বসীদেরকে অনুমান করতে বলুন যে ওই সাতটি জিনিস কি।

১। **অনুশোচনা ঃ** কথা না বলে অনুতপ্ত হবার বিষয়টি অভিনয় করে দেখাবার জন্য দুজন সাহায্যকারীকে প্রস্তুত করুন।

- ঘরের একদিকে প্রথমজন শয়তানের মতন তর্জন গর্জন করবে এবং হাত নাড়িয়ে অন্যজনকে তার কাছে আসতে বলবে।

- অন্যজন ধীরে ধীরে তার দিকে আসবে, এবং তার চারপাশে এমন ভাবে তাকাবে যেন কেউ দেখে ফেলবে এই ভয় সে পাচ্ছে। শয়তানের প্রায় কাছাকাছি এসে সে দাঁড়িয়ে পড়বে, হাতদুটি তার হৃদয়ের কাছে রেখে প্রার্থনা করার ভঙ্গি করবে। এরপর পিছন ফিরে অন্য দিকে চলে যাবে।
- লোকদেরকে অনুমান করতে বলুন যে কি বিষয়ে অভিনয় করে দেখানো হল। অনুতপ্ত হবার অর্থ হল আমাদের হৃদয়ের পরিবর্তন। পিছনে ফেরা ও একটি নতুন রাস্তার দিকে চলে যাওয়া, পাপের দিকে নয় কিন্তু পাপ থেকে দূরে।

২) **বাপ্তিস্ম ঃ** একজন সাহায্যকারী অন্যজনকে বাপ্তিস্ম দেবার ভঙ্গি করবে। (লোকদেরকে অনুমান করতে দিন।)

৩) **ঈশ্বরের বাক্যকে শেখা ও শিক্ষা দেওয়া ঃ** একজন একটি খোলা বাইবেল এমন ভাবে তুলে ধরবে যেন সকলে সেটা দেখতে পায় এবং তাকে দেখে যেন মনে হয় যে সে অন্য কারও কাছে তা ব্যাখ্যা করছে (লোকদেরকে অনুমান করতে দিন)।

৪) **সহভাগীতা** (একে অপরকে প্রেম করা)। একজন সাহায্যকারী অন্য একজন সমলিঙ্গের ব্যক্তিকে একই গোত্রীয়কে জড়িয়ে ধরবে অথবা আপনার রীতিতে যা করার মাধ্যমে একে অপরের প্রতি ভালোবাসা প্রকাশ করা যায় তা করার মাধ্যমে খ্রীষ্টীয় প্রেমকে প্রকাশ করে দেখান। (লোকদেরকে অনুমান করতে দিন)

৫) **রুটি ভাঙ্গা** (প্রভুর ভোজ)। একজন সাহায্যকারী অন্যজনকে যেন রুটি দিচ্ছে এবং পাত্র দিচ্ছে এমন অভিনয় করবে। অন্যজন রুটি খাবার ও পানপাত্র থেকে পান করার অভিনয় করবে। (লোকদেরকে অনুমান করতে দিন)

৬) **প্রার্থনা ঃ** দুজন সাহায্যকারী নীরবে প্রার্থনা করার অভিনয় করবে। (লোকদেরকে অনুমান করতে দিন)

৭) **দান ঃ** নীরবে একটিও শব্দ উচ্চারণ না করে একজন সাহায্যকারী অন্যজনকে যেন কিছু প্রদান করছে এবং অপর জন যেন ধন্যবাদ সহকারে তা গ্রহণ করছে। এরূপ অভিনয় করবে। (লোকদেরকে অনুমান করতে দিন)

প্রেরিতরা কি করছিল তা ব্যাখ্যা করুন। প্রেরিত পুস্তকে যা পাঠ করেছেন তা থেকে একটি বা একাধিক ঘটনা বেছে নিন এবং তা আপনার মণ্ডলীকে পড়ে শোনান অথবা নাটক করে দেখান। এরপর বিশ্বাসীরা কি শিক্ষা করেছে তা জিজ্ঞাসা করুন। এরফলে তারা কি পরিকল্পনা গ্রহণ করেছে তা জিজ্ঞাসা করুন।

প্রভুর ভোজের পরিচিতিকরণের জন্য প্রেরিত ২০ঃ৭ পদ পাঠ করুন। ব্যাখ্যা করে বলুন যে প্রভুর ভোজ উদ্‌যাপনের জন্য সপ্তাহের প্রথম দিনে, যে দিনে যীশু পুনরুত্থিত হয়েছিলেন সেইদিনে প্রেরিত পুস্তকের বিশ্বাসীরা মিলিত হতেন।

দুজন অথবা তিনজন মিলে দল তৈরী করে, একে অপরকে সাহায্য করুন ও প্রার্থনা করুন।

Copyright 2004 © by Paul-Timothy. May be freely copied. Download from www.Paul-Timothy.net